২৪০
২৫/৬/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.১৬.০৭১-১৬/ ২৮০৪

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ / ২০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: Annual Performance Agreement (APA) চুক্তি ।

উল্লিখিত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক ৩১.০৫.২০১৮ তারিখ তথ্য মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ টেলিভিশনের Annual Performance Agreement (APA) চুক্তি (০১ জুলাই - ৩০ জুন ২০১৯) এবং গত ২৮.০৫.২০১৮ তারিখে বাংলাদেশ টেলিভিশন এর মহাপরিচালক মহোদয়ের সাথে বিটিভি ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার এর ২০১৮-১৯ অর্থ বছরের (০১ জুলাই - ৩০ জুন ২০১৮) APA চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তিসমূহ বিটিভির ওয়েবসাইটে (www.btv.gov.bd) প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩টি চুক্তি পত্র।

মো: নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৯৩৫২০২৫ (অফিস)

সিস্টেম এনালিস্ট
বাংলাদেশ টেলিভিশন
প্রধান কার্যালয়
ঢাকা।

অনুলিপি:
০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০২। কার্যালয় নথি।

Prog-1: সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে কথা বলে চুক্তি পত্র সংগ্রহ পূর্বক website এ প্রকাশের ব্যবস্থা নিন। ২৫/৬/১৮

১৭.০৬.২০১৮ তারিখে BTV website এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রকাশ করা হয়েছে। ২৭/৬/১৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র

এবং

মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯

# সূচিপত্র


বিষয় পৃষ্ঠা

উপক্রমনিকা (Preamble)........................................................................................ ০১

কর্মসম্পাদনের সার্বিকচিত্র .......................................................................................০২

সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী............০৩

সেকশন ২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ............... ০৪

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ................................................................ ০৫-০৬

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)................................................................... ০৮

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি ................ ০৯

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা.............১০

## উপক্রমণিকা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধি,স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের পক্ষে জেনারেল ম্যানেজার

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান বাংলাদেশ টেলিভিশনের পক্ষে মহাপরিচালক এর মধ্যে ২০১৮ সালের মে মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview Performance of Dhaka Station)

**সাম্প্রতিক অর্জন**

সরকারি অডিও ভিজ্যুয়াল গণমাধ্যম হিসেবে বিটিভি একমাত্র বস্তুনিষ্ঠ তথ্য প্রদান, শিক্ষার প্রসার, উন্নয়নমূলক কাজের উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দদানে জনগণের কাছে দায়বদ্ধ। বিগত ০৩ (তিন) বছরে ঢাকা কেন্দ্রের উল্লেখযোগ্য অর্জন রয়েছে। অডিটরিয়াম ও কন্ট্রোলরুমের জন্য HD Technology, ডিজিটাল অডিওমিক্সারসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি, সংবাদচিত্র/রিপোর্টিং ধারণে 95x HD Camera, ডিজিটাল প্রযুক্তির Camcorder Camera এবং সরাসরি সম্প্রচারের জন্য ০২টি HD Baise Parle সংগ্রহ করা হয়েছে। প্রায় সকল শাখাকে কম্পিউটার নেটওয়ার্ক এর আওতায় এনে উচ্চগতিসম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। গত ২৫.১২.২০১৭ তারিখে BTV Youtube Channel চালু করা হয়েছে এবং সফলভাবে চলমান রয়েছে। সেবার মান বৃদ্ধির কার্যক্রমের অংশ হিসেবে বিটিভি, ঢাকা কেন্দ্রে আগত শিল্পী কলা-কুশলী ও দর্শনার্থীদের কাছ হতে মতামত গ্রহণ করা হচ্ছে। এছাড়া অনুষ্ঠানের বাজেট হ্রাস করে অনুষ্ঠানের মান বৃদ্ধি করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চল হতে বার্তা ভিডিও ফুটেজ সংগ্রহের নিমিত্তে বার্তা শাখার আওতাধীন বিটিভির জেলা প্রতিনিধিদের জন্য ল্যাপটপ ক্রয় করা হচ্ছে। শিল্পীদের সম্মানী বৃদ্ধির পাশাপাশি শিল্পী তালিকাভুক্তির নীতিমালা প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, ঢাকা কেন্দ্রের প্রচারিত অনুষ্ঠানমালার ০৩ (তিন) মাসের অগ্রিম টিভি গাইড বিটিভির ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের সরঞ্জাম টিওএন্ডইভুক্তির জটিলতা রয়েছে। বিটিভির পূর্বের ০৬ ঘন্টার জনবল দিয়ে বর্তমানে ২৪ ঘন্টা সম্প্রচার কার্যক্রম চালানো হচ্ছে। বাস্তবতার নিরিখে সাংগঠনিক কাঠামো তৈরিপূর্বক প্রয়োজনীয় জনবলের পদসৃষ্টি এবং নিয়োগদান। প্রযুক্তির সাথে তাল মিলিয়ে এর Master Control Room (MCR), ক্যামেরা, লাইটিং সিস্টেম, Editing প্যানেলসহ অন্যান্য যন্ত্রপাতি HD Technology-তে সম্পূর্ণরূপে রূপান্তর করা যায়নি। সেট নির্মাণে নান্দনিকতা আনয়নে আধুনিক প্রযুক্তি হিসেবে ভার্চ্যুয়াল স্টুডিও নির্মাণ কার্যক্রম প্রক্রিয়াধীন। ফলে সম্প্রচারের ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি (Technology) নিয়ে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে ডিজিটাল প্রযুক্তি সংস্থাপন করা যায়নি। বার্ষিক অনুষ্ঠান নির্মাণের বাজেট ও অন্যান্য ক্রয় পরিকল্পনার ক্ষেত্রে বাজেটের সাথে সামঞ্জস্য রেখে কর্মপরিকল্পনা তৈরি করা সম্ভব হচ্ছে না। গণমাধ্যমশিল্পে কঠিন প্রতিযোগিতাপূর্ণ পরিবেশে বিটিভির ভূমিকা সমুন্নত রাখা এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়াই হবে আগামী দিনের চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভবিষ্যত পরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রধান কর্মসূচি হলো- বিটিভির Master Control Room (MCR) অটোমেশন, ক্যামেরা ও লাইটিং শাখাকে আধুনিক যন্ত্রপাতি ও Technology দিয়ে সমৃদ্ধ করা। এছাড়া, অনুষ্ঠান সেটের নান্দনিকতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল ভিডিও ওয়াল ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংগ্রহ করা, সরাসরি সম্প্রচারের কাজে ব্যবহারের জন্য DSNG সংগ্রহ করা, কম্পিউটার ও নেটওয়ার্ক সামগ্রী সংগ্রহ করা, বিদ্যমান ওবি ভ্যানে ডিজিটাল ক্যামেরা ও Tape less Recorder/Player সংগ্রহ করা ও বিটিভির অনুষ্ঠানের মাধ্যমে এর গৌরব ও ঐতিহ্য আরো সমুজ্জল করার পাশাপাশি দর্শক সংখ্যা বৃদ্ধি করা।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
- বিটিভিতে ০৫(পাঁচ) মাত্রার (বিটিভি, বেতার, ফেসবুক, টুইটার ও Youtube) অনুষ্ঠানের সম্প্রচার কার্যক্রম চালু করা;
- জনসচেতনতামূলক স্পট, ফিলার, টেলপ, প্রামাণ্যচিত্র ইত্যাদি প্রচারসহ বিনোদনমূলক ও খেলাধূলা বিষয়ক অনুষ্ঠান ও সংবাদ প্রচার;
- সোশ্যাল মিডিয়া উইং-এর মাধ্যমে বিটিভির অনুষ্ঠান Youtube-এ প্রচার কার্যক্রম;
- তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য অধিকার বিষয়ক অনুষ্ঠান ও সংবাদ নির্মাণ ও প্রচার;
- জনসংখ্যা নিয়ন্ত্রণ, দারিদ্র্য বিমোচন এবং নারী ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান ও সংবাদ প্রচার;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারে বিজ্ঞান ও প্রযুক্তি এবং শিক্ষামূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
- পর্যটন শিল্পকে আরো সমৃদ্ধ ও আকর্ষণীয় করতে প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ এবং পর্যটন বিষয়ক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
- কৃষি উন্নয়নসহ সরকারের উন্নয়ন কার্যক্রমের উপর অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;

# সেকশন ১

বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী:

১.১ রূপকল্প (Vision): জনগণকে তথ্য প্রদান, জনসচেতনতায় উদ্বুদ্ধকরণ এবং নির্মল আনন্দদান।

১.২ অভিলক্ষ্য (Mission): সম্প্রচার কার্যক্রমের নেতৃস্থানীয় ভূমিকায় থেকে অনুষ্ঠান ও সংবাদ প্রচারের মাধ্যমে জনগণকে তথ্যপ্রদান, উন্নয়নে উদ্বুদ্ধ করণ, অনুষ্ঠান/প্রতিবেদন নির্মাণ ও প্রচারের মাধ্যমে জাতীয় ইতিহাস ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির চর্চা ও লালন, গণসচেতনতা ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ ।

১.৩. কৌশলগত উদ্দেশ্যেসমূহ (Strategic Objectives):

**১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. তথ্য অধিকার প্রতিষ্ঠায় ব্যাপক গণসচেতনতা সৃষ্টি;
২. সরকারের উন্নয়ন কর্মসূচির উপর বিভিন্ন অনুষ্ঠান, প্রামাণ্যচিত্র প্রস্তুত ও প্রচার;
৩. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দরিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, পর্যটন, কৃষি ও অর্থনীতি বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান/প্রামাণ্যচিত্র/সংবাদ প্রচার; ও
৪. ডিজিটাল সম্প্রচার ও ওয়েববেজ্‌ড সম্প্রচারের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions):**

০১. সম্প্রচার নীতিমালার উন্নয়ন ও আধুনিকায়নে সরকার/মন্ত্রণালয়/প্রধান কার্যালয়কে সহায়তা প্রদান;
০২. দেশে-বিদেশে মহামান্য প্রেসিডেন্ট, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সম্পাদিত কার্যক্রমের অডিও ভিজ্যুয়াল প্রচারণা;
০৩. মাননীয় প্রধানমন্ত্রীর ১০(দশ)টি বিশেষ উদ্যোগ নিয়ে অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
০৪. দেশ ও বিদেশের বস্তুনিষ্ঠ তথ্যভিত্তিক সংবাদ ও প্রতিবেদন প্রচার;
০৫. দেশের ইতিহাস ঐতিহ্য কৃষ্টি সংস্কৃতি ইত্যাদির উপর ভিত্তি করে ও জনকল্যাণে তথ্যমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
০৬. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, পর্যটন, কৃষি ও কৃষি অর্থনীতি বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান/প্রামাণ্যচিত্র/সংবাদ নির্মাণ ও প্রচার;
০৭. যুব উন্নয়নে সচেতনতা সৃষ্টির পাশাপাশি খেলধুলা ও ব্যবসা বাণিজ্যের উপর ভিত্তি করে অনুষ্ঠান প্রচার;
০৮. বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে প্রচার প্রচারণা অব্যাহত রাখা;
০৯. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
১০. অর্থনীতির বিকাশ ও সরকারী উন্নয়নচিত্র প্রচারণার ফিলার, ট্রেলর, ডকুমেন্টারী, ড্রামা ইত্যাদি নির্মাণ ও প্রচার;
১১. জাতীয় ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে রাষ্ট্রীয় অনুষ্ঠান/সভা/সেমিনার সরাসরি সম্প্রচার।

# বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. তথ্য অধিকার আইন বাস্তবায়নে ব্যাপক জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ | ৮ | (১.১) তথ্য অধিকার বিষয়ক অনুষ্ঠান প্রচার | অনুষ্ঠান প্রচার | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৯ | ২৪ | ২৬* | ২৫ | ২২.০৫ | ২০ | ১৭.৫ | ১৫ | ২৫ | ২৫ |
| ২. বিনোদনমূলক, খেলাধুলা ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান নির্মাণ এবং প্রচার সংক্রান্ত | ৩৫ | (২.১) বিনোদনমূলক (নাটক সঙ্গীত ও ম্যাগাজিন) | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ১৫ | ১২৩৭ | ১১৮০* | ১২০০ | ১০৮০ | ৯৬০ | ৮৪০ | ৭২০ | ১১৮০ | ১২০০ |
| | | (২.২) খেলাধুলা বিষয়ক | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৯ | ১৬৪ | ১৫২* | ১৫২ | ১৩৬.৮ | ১২১.৬ | ১০৬.২ | ৯১.২ | ১৫৫ | ১৫৫ |
| | | (২.৩) পর্যটন বিষয়ক | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৭ | ৩১ | ২৯* | ২৯ | ২৩.১ | ২৩.০২ | ১০.৩ | ১৭.৪ | ২৯ | ৩০ |
| ৩. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রন, পরিবেশ সংরক্ষণ, কৃষি উন্নয়নসহ সরকারের উন্নয়ন কার্যক্রম কর্মসূচি ইত্যাদি বিষয়ের ওপর চলচ্চিত্র, অনুষ্ঠান নির্মাণ এবং প্রচার | ৩৭ | (৩.১) উন্নয়ন ও জনসচেতনতা | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৮ | ৮০৯ | ৮৭০* | ৮৭০ | ৭৮৩ | ৬৯৬ | ৬০৯ | ৫২২ | ৮৭০ | ৮৭০ |
| | | (৩.২) মহিলা বিষয়ক | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৫ | ৫৩ | ৪৬* | ৪৬ | ৪১.০৪ | ৩৬.৮ | ৩২.২ | ২৭.৬ | ৪৬ | ৪৬ |
| | | (৩.৩) শিশু কিশোরদের অনুষ্ঠান | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৫ | ১২৬ | ১২৬* | ১২৬ | ১১৩.৪ | ১০০.৮ | ৮৮.২ | ৭৫.৬ | ১২৬ | ১২৬ |
| | | (৩.৪) কৃষি বিষয়ক | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৫ | ১২৯ | ১২২* | ১২৫ | ১১২.০৫ | ১০০ | ৮৭.৫ | ৭৫ | ১২৫ | ১২৫ |
| | | (৩.৫) শিক্ষা বিষয়ক | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৫ | ১৯০ | ২০৫* | ২১০ | ১৮৯ | ১৬৮ | ১৪৭ | ১২৬ | ২১০ | ২০০ |
| | | (৩.৬) স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৪ | ১৯২ | ১৯৫* | ১৯৫ | ১৭৫.৫ | ১৫৬ | ১৩৬.৫ | ১১৭ | ১৯৫ | ১৯৫ |
| | | (৩.৭) প্রকৃতি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৫ | ৫০ | ৫১* | ৫১ | ৯৩.৬ | ৮৩.২ | ৭২.৮ | ৬২.৪ | ৫১ | ৫১ |
| | | (৩.৮) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | " | বার্ষিক সম্প্রচার ঘন্টা | ৩ | ১২০ | ১০৩* | ১০৪ | ৪৫.৯ | ৪০.৮ | ৩৫.৭ | ৩০.৬ | ১০৪ | ১০৮ |
| | ৮০ | | | | ৮০ | | | | | | | | | |

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবিশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ (Target Value-2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকররণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ (Target Value-2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৮-২০১৯ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য জোরদারকরণ | ১ | তথ্য বাস্তবায়ন হালনাগাদকরণ | তথ্য বাস্তবায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | ২০ | | | | ২০ | | | | | |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত থাকবে

আমি, জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠান বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজারের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট দপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

জেনারেল ম্যানেজার
বাংলাদেশ টেলিভিশন
ঢাকা কেন্দ্র
রামপুরা, ঢাকা।

তারিখ
(মোঃ জাহাঙ্গীর আলম)
উপসচিব
জেনারেল ম্যানেজার (অতিঃ দায়িত্ব)
বাংলাদেশ টেলিভিশন
ঢাকা কেন্দ্র

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

২৮.৫.১৮
তারিখ
এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ
### (Acronyms)

| ক্রমিক | সংক্ষিপ্ত শব্দ | বিস্তারিত |
|---|---|---|
| ০১ | বিটিভি | বাংলাদেশ টেলিভিশন |
| ০২ | বিটিআরসি | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |

# সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | (১.১) তথ্য অধিকার বিষয়ক অনুষ্ঠান প্রচার | তথ্য পাওয়া জনগণের অধিকার। তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে বিটিভি নানাবিধ সচেতনতামূলক অনুষ্ঠান, টক-শো, প্রামাণ্য চিত্র নির্মাণ ও সম্প্রচার করে আসছে। | বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্র | বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের উপস্থাপন শাখার প্রতিবেদন | - |
| ২. | (২.১) বিনোদনমূলক (নাটক সঙ্গীত ও ম্যাগাজিন) | বাংলাদেশ টেলিভিশন বিভিন্ন অনুষ্ঠান, নাটক, প্রামাণ্যচিত্র, গানের অনুষ্ঠান, টেলিফিল্ম, পর্যটন ইত্যাদি নির্মাণ ও প্রচার করছে। তাছাড়া, খেলাধুলা বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান ও জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খেলাধুলা সরাসরি সম্প্রচার করে থাকে। | | | |
| | (২.২) খেলাধুলা বিষয়ক | | | | |
| | (২.৩) পর্যটন বিষয়ক | | | | |
| ৩. | (৩.১) উন্নয়ন ও জনসচেতনতা | সরকারের উন্নয়নমূলক কর্মসূচির বিষয়ে প্রতিবেদন প্রচার করা হয়। নারী ও শিশু, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, পরিবার কল্যাণ, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৃতি ও পরিবেশ ইত্যাদির বিষয়ক অনুষ্ঠান ফিলার, টেলপ গুরুত্বের সাথে প্রচার করা হচ্ছে। অধিকন্তু নানাবিধ জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়ে থাকে। | | | |
| | (৩.২) মহিলা বিষয়ক | | | | |
| | (৩.৩) শিশু কিশোরদের অনুষ্ঠান | | | | |
| | (৩.৪) কৃষি বিষয়ক | | | | |
| | (৩.৫) শিক্ষা বিষয়ক | | | | |
| | (৩.৬) স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ | | | | |
| | (৩.৭) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | | | | |
| | (৩.৮) প্রকৃতি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান | | | | |

# সংযোজনী ৩ : কর্মসম্পাদনের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| সংস্থার ধরন | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক অনুষ্ঠান সম্প্রচার | মন্ত্রণালয়/বিভাগের নিকট উক্ত সংস্থার সংশ্লিষ্ট চাহিদা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| স্বায়ত্বশাসিত সংস্থা | বিটিআরসি ও তথ্য মন্ত্রণালয় | (১.১) তথ্য অধিকার বিষয়ক অনুষ্ঠান প্রচার | জনগণকে তথ্য অধিকার আইন সম্পর্কে সুষ্ঠু ধারণা প্রদানে পারস্পরিক সহায়তা | জনচাহিদা ও রাষ্ট্রীয় প্রয়োজনে মানসম্পন্ন অনুষ্ঠান সম্প্রচার | আবশ্যক | বিটিভি ঢাকা কেন্দ্র তার সমন্বিত কার্যক্রম পরিচালনায় নানবিধ সমস্যার সন্মুখীন হচ্ছে। যদি বিদ্যমান সমস্যার স্বল্পমেয়াদী ও দীর্ঘ মেয়াদী সমাধান না হয়, তবে বিটিভির কার্যক্ষমতা হ্রাস পাবে ও পর্দার মানের ক্রমাবনতির সাথে সাথে এর দর্শক প্রিয়তা হ্রাস পাবে। |
| মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (২.১) বিনোদনমূলক (নাটক সঙ্গীত ও ম্যাগাজিন) | সম্প্রচার যন্ত্রপাতি সংগ্রহের ও অনুষ্ঠান নির্মানে বাজেট বরাদ্দ ও প্রয়োজনীয় অনুমোদন প্রদান। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খেলাধুলা সরাসরি সম্প্রচারের জন্য বিটিভিকে ফিড প্রদান ও পাশাপাশি অনুষ্ঠান প্রচারে সহযোগিতা। | জনচাহিদা ও গণমাধ্যমের মৌলিক চিন্তাচেতনার উপর ভিত্তি করে দর্শক নন্দিত অনুষ্ঠান সম্প্রচার | আবশ্যক | |
| মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (২.২) খেলাধুলা বিষয়ক | | জনচাহিদার প্রয়োজনে মান সম্মত অনুষ্ঠান ও দর্শক উপস্থিতিতে সরাসরি সম্প্রচার | আবশ্যক | |
| মন্ত্রণালয় | পর্যটন মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (২.৩) পর্যটন বিষয়ক | জনগণকে পর্যটন বিষয়ে সুষ্ঠু ধারণা প্রদানে পারস্পরিক সহায়তা | গণমাধ্যমের মৌলিক চাহিদার উপর ভিত্তি করে রাষ্ট্রীয় এবং জনগণের প্রয়োজনে অনুষ্ঠান সম্প্রচার | আবশ্যক | |
| মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয় | (৩.১) উন্নয়ন ও জনসচেতনতা | উন্নয়ন ও জনসচেতনতা বৃদ্ধিতে জনগণকে উদ্বুদ্ধ করণের জন্য সম্প্রচার কার্যক্রমে আন্তঃ মন্ত্রণালয়ে পারস্পরিক সহযোগিতা | গণমাধ্যমের মৌলিক চাহিদার উপর ভিত্তি করে রাষ্ট্রীয় এবং জনগণের প্রয়োজনে বিভিন্ন অনুষ্ঠান প্রচার এবং সংশ্লিষ্ট রাষ্ট্রীয় কার্যক্রম সরাসরি সম্প্রচার | আবশ্যক | |
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (৩.২) মহিলা বিষয়ক | মহিলা ও শিশু বিষয়ক, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয় এর পারস্পরিক সহযোগিতা প্রদান | | আবশ্যক | |
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | (৩.৩) শিশু কিশোরদের অনুষ্ঠান | | | আবশ্যক | |
| মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (৩.৪) কৃষি বিষয়ক | | | আবশ্যক | |
| মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (৩.৫) শিক্ষা বিষয়ক | | | আবশ্যক | |
| মন্ত্রণালয় | স্বাস্থ্য মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয় | (৩.৬) স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ | | | আবশ্যক | |
| মন্ত্রণালয় | বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয় | (৩.৭) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠা | | | আবশ্যক | |
| স্বায়ত্বশাসিত সংস্থা | বিটিআরসি | | ডিজিটাল সম্প্রচারের জন্য ফ্রিকুয়েন্সি বরাদ্দসহ বিটিভির সিগন্যালের মান সমুন্নত রাখা | ........ | আবশ্যক | |